দৈনিক
ইত্তেফাক

তারিখ 27 NOV 2017
পৃষ্ঠা ...২... কলাম ...৬...

# শিক্ষা ক্যাডারের ধর্মঘট আজও চলবে

■ ইত্তেফাক রিপোর্ট

'বিসিএস ছাড়া ক্যাডার সার্ভিস নয়' এই দাবিতে কর্মবিরতি পালন করছে দেশের সব সরকারি কলেজের শিক্ষকরা। এই কর্মবিরতি আজও চলবে। দুই দিনব্যাপী কর্মবিরতি শুরু হয় গতকাল রবিবার। প্রথম দিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চলে কর্মবিরতি।

কর্মবিরতির কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের গতকালের পরীক্ষা স্থগিত করা হয়েছিল। আজও পরীক্ষা স্থগিত থাকবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রাজধানীর সাতটি কলেজের পরীক্ষাও স্থগিত রয়েছে।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ব্যানারে শিক্ষকরা এ আন্দোলন করছে। তাদের দাবি নতুন জাতীয়করণ হওয়া কলেজগুলোর শিক্ষকদের কোনভাবেই ক্যাডার মর্যাদা দেওয়া যাবে না।

সমিতির সভাপতি আই কে সেলিমউল্লাহ খোন্দকার গতকাল ইত্তেফাককে বলেন, আমরা শিক্ষা মন্ত্রণালয়কে সময় দিতে চাই। এ ছাড়া ডিসেম্বর বিজয়ের মাস। এ মাসে কোনো কর্মসূচি দেব না। জানুয়ারি থেকে আবারো কর্মসূচি চলবে।

সারাদেশে ৩৩৫টি সরকারি কলেজ রয়েছে। এসব কলেজে শিক্ষক রয়েছে প্রায় ১৫ হাজার। ধর্মঘটের কারণে সরকারি কলেজগুলোতে শিক্ষকরা উপস্থিত থাকলেও কোনো ক্লাস ও পরীক্ষা নেননি। শিক্ষা ক্যাডারের মূল প্রতিষ্ঠান মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কাজকর্ম স্বাভাবিক ছিল। এখানে ধর্মঘটের কোনো প্রভাব পড়েনি।